দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 11 AUG 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ......

# ফল বিপর্যয়ের জন্য দায়ী ছাত্রলীগের নৈরাজ্য: বিএনপি

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষাঙ্গনগুলোতে ছাত্রলীগের নৈরাজ্যের কারণে উচ্চ মাধ্যমিকে ফল বিপর্যয় ঘটেছে বলে অভিযোগ করেছেন বিএনপির মুখপাত্র ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ড. আসাদুজ্জামান রিপন। সরকারের অভিযোগ প্রত্যাখ্যান করে তিনি বলেছেন, সরকার দলীয় ক্যাডাররা শিক্ষাঙ্গনে নৈরাজ্য সৃষ্টি করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নষ্ট করেছে। আর এ কারণেই ফলাফলের এ দশা হয়েছে। সরকারের অব্যবস্থাপনা, শিক্ষার উপকরণ, সঠিক পাঠদানের সীমাবদ্ধতাই উচ্চ মাধ্যমিকে রেজাল্ট খারাপের অন্যতম কারণ বলে উল্লেখ করেন তিনি।

গতকাল সোমবার দলের নয়াপল্টন কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সংবাদ সম্মেলনে বিএনপির শিক্ষাবিষয়ক সম্পাদক খায়রুল কবির খোকন, সহ-সাংগঠনিক সম্পাদক আবদুস সালাম আজাদ প্রমুখ উপস্থিত ছিলেন।

সরকার রাজনৈতিক ফায়দা নেয়ার জন্য বিরোধী দলের কর্মসূচিকে দায়ী করছে মন্তব্য করে আসাদুজ্জামান রিপন বলেন, রেজাল্টে দেখা গেছে অনেক পরীক্ষার্থী সব বিষয়ে পাস করেছে, শুধু ইংরেজিতে ফেল করেছে। তাহলে কি রাজনৈতিক প্রভাব শুধু ইংরেজির ওপর পড়েছে। তিনি বলেন, রাজনৈতিক প্রভাব অর্থনৈতিক, সামাজিক, শিক্ষা, কূটনৈতিক সব ক্ষেত্রে পড়ে। সরকারের সৎ ইচ্ছা থাকলে বিরোধী রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করে সমস্যার সমাধান করতে পারতো। পরীক্ষার সময়সূচি পরিবর্তন করে পিছিয়ে নিতে পারতো। ছাত্রলীগ নিয়ে সৈয়দ আশরাফের বক্তব্যের সমালোচনা করে বিএনপির এই মুখপাত্র বলেন, ছাত্রলীগ শিক্ষকদের মেরে শিক্ষা প্রতিষ্ঠান থেকে বের করে দেয়। ছাত্রাবাস পুড়িয়ে দেয়, ধর্ষণে সেঞ্চুরি করে এগুলো কি শিশুদের কাজ। ছাত্রলীগের অপকর্মের জন্য শেখ হাসিনাও তার নাম ছাত্রলীগ থেকে প্রত্যাহার করে নিয়েছিলেন। তিনি বলেন, ছাত্রলীগ সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠান থেকে ছাত্রদলের নেতাকর্মীদের বিতাড়িত করেছে। তাদের স্বাভাবিক কর্মকাণ্ড করতে দেয় না। এতেই ছাত্র রাজনীতি রুগ্ন হয়ে পড়ছে।